# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ সপ্তম সংখ্যা ❑ কার্তিক-১৪২৯, অক্টোবর-নভেম্বর ২০২২ ❑ পৃষ্ঠা ৮



নিরাপদ ও পুষ্টিকর ফসল উৎপাদনই মূল পরিকল্পনা ... ২

সুগারমিলের পতিত জমি চাষের আওতায় আনা ... ৩

দেশব্যাপী বিভিন্ন দিবস উদযাপন ... ৪

সমাপ্ত হলো গ্রামীণ মেকানিক প্রশিক্ষণ... ৫


## সম্ভাব্য দুর্ভিক্ষ ও খাদ্য সংকট থেকে বাংলাদেশকে রক্ষা করতে একসঙ্গে কাজ করার আহ্বান : মাননীয় প্রধানমন্ত্রী



*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বিশ্ব খাদ্য দিবস ২০২২' উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করেন (সোমবার, ১৭ অক্টোবর ২২)।-পিআইডি*

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রেক্ষাপটে সম্ভাব্য বৈশ্বিক দুর্ভিক্ষ বা খাদ্য সংকট থেকে বাংলাদেশকে রক্ষা করার পাশাপাশি প্রতি ইঞ্চি জমি চাষের আওতায় এনে খাদ্য উৎপাদন বৃদ্ধিতে একসঙ্গে কাজ করার আহ্বান পুনর্ব্যক্ত করেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, 'আমি আবারো অনুরোধ করছি কোন খাদ্যের অপচয় নয়, যার যেখানে যতটুকু জমি আছে তা চাষের আওতায় এনে খাদ্য উৎপাদন বাড়ান, সারা বিশ্বে যে দুর্যোগের আভাস আমরা পাচ্ছি, তা থেকে বাংলাদেশকে সুরক্ষিত করুন। আমি বিশ্বাস করি সকলের এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## ২০৩০ সালের মধ্যে কৃষি উৎপাদন দ্বিগুণ করতে হবে : পরিবেশমন্ত্রী




*রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব খাদ্য দিবস ২০২২ উপলক্ষ্যে কারিগরি সেশনে বক্তব্য রাখছে প্রধান অতিথি মাননীয় মন্ত্রী মো. শাহাব উদ্দিন, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়*

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী মো. শাহাব উদ্দিন বলেছেন, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলা করে ২০৩০ সালের মধ্যে কৃষির উৎপাদনশীলতা দ্বিগুণ করার মাধ্যমে বর্ধিত খাদ্য উৎপাদনের এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## এ দেশের প্রতিটি শিশু শেখ রাসেলের আদর্শে বেড়ে উঠুক-কৃষি সচিব




*আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত সচিব মোঃ সায়েদুল ইসলাম বলেন আমরা চাই এ দেশের প্রতিটি শিশু শেখ রাসেলের আদর্শে বেড়ে উঠুক। তার আদর্শে যদি আমরা আমাদের সন্তানদের তৈরি করতে পারি তবে নিশ্চয় আমরা আমাদের স্বপ্নের সোনার বাংলা এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩

## নিরাপদ ও পুষ্টিকর ফসল উৎপাদনই মূল পরিকল্পনা

কৃষি মন্ত্রণালয়ের এপিএ পুলের সদস্য ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান বলেন আমাদের দেশ বর্তমান খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হলেও নিরাপদ ও পুষ্টিকর ফসল উৎপাদনই হবে মূল পরিকল্পনা এবং এর ধারাহিকতা অব্যহত রাখতে হবে। কৃষক/কৃষানী না বুঝে ফসলের জমিতে অধিক পরিমাণে রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের ফলে নিরাপদ ফসল উৎপাদন ব্যহত হচ্ছে। নিরাপদ ফসল উৎপাদনের ক্ষেত্রে কৃষক সংগঠন গুলো অনেক বড় ভূমিকা পালন করতে পারে। এজন্য কৃষক সংগঠন গুলো আরো বেশি শক্তিশালি করতে হবে। জৈব কৃষি ও জৈব বালাই ব্যবস্থাপনা মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন পরিকল্পনা প্রণয়ন করে আমাদেরকে সামনের দিকে এগিয়ে যেতে হবে।

১৭ অক্টোবর ২০২২ চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প (১ম সংশোধিত) এর আওতায় আইপিএম মডেল ইউনিয়নের পরিকল্পনা প্রণয়ন সভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

উপপরিচালক কৃষিবিদ বিভাস চন্দ্র সাহা এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মোঃ মনিরুজ্জামান। তিনি স্বাগত বক্তব্যে, পরিবেশ বান্ধব কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্পের উদেশ্য এবং জৈব কৃষি ও জৈব বালাই ব্যবস্থাপনা ফসল উৎপাদন, পরিচর্যা ইত্যাদি চাষাবাদ বিষয়ক কলাকৌশল তুলে ধরেন।




*অনুষ্ঠানে বক্তব্য রাখছেন কৃষিবিদ ড. হামিদুর রহমান, এপিএ পুলের সদস্য, কৃষি মন্ত্রণালয় ও সাবেক মহাপরিচালক, ডিএই*

*মো. আসাদুল্লাহ, কৃতসা, পাবনা*

## নীলফামারীর ডিমলা বারি চীনাবাদাম-৯ এর উপর মাঠ দিবস অনুষ্ঠিত

“তৈলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের অর্থায়নে তৈলবীজ গবেষণা কেন্দ্র বারি গাজীপুর ও সরেজমিন গবেষণা বিভাগ রংপুর এর উদ্যোগে সুপ্রীম সীড কোম্পানির সহায়তায় ০৪ অক্টোবর ২০২২ ডিমলা উপজেলার কুটিবাড়ীতে সুপ্রীম সীড কোম্পানির ফার্মে বাদামের বীজ উৎপাদনের উপর একটি মাঠ দিবস অনুষ্ঠিত হয়। উক্ত মাঠ দিবসে সভাপতিত্ব করেন সুপ্রীম সীড কোম্পানির উপদেষ্টা ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক জনাব ইব্রাহীম খলিল এবং প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এর সম্মানিত মহাপরিচালক ও দেশের সুনামধন্য কীটতত্ত্ববিদ ড. দেবাশীষ সরকার। উক্ত মাঠ দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র জামালপুর এর সিএসও ড. মো: মঞ্জুরুল কাদির, সরেজমিন গবেষণা বিভাগ বারি গাজীপুর এর সিএসও ড. মো: মাজহারুল আনোয়ার, আরএআরএস বুড়িরহাট এর সিএসও ড. আশিষ কুমার সাহা, বিএসপিসি, দেবীগঞ্জের সিএসও জনাব সাজ্জাদ হোসেন এবং সরেজমিন গবেষণা বিভাগ রংপুর এর পিএসও ড. মো: আল-আমিন হোসেন তালুকদার প্রমুখ।

উল্লেখ্য, বারি চীনাবাদাম-৯ বাদামের একটি জনপ্রিয় এবং উচ্চফলনশীল জাত। বারি, গাজীপুর এর তৈল বীজ গবেষণা কেন্দ্র সুপ্রীম সীড কোম্পানীর সহায়তায় প্রায় ২০ বিঘা জমিতে বারি চীনা বাদাম-৯ এর বীজ উৎপাদন করেন।

*কৃষিবিদ মো. শাহাদৎ হোসেন, কৃতসা, রংপুর*



*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন ড. দেবাশীষ সরকার, মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট*

## কৃষিপণ্য রপ্তানিতে সার্টিফিকেশন ও ল্যাব

শেষ পাতার পর

২০২১-২২ অর্থবছরে বাংলাদেশের কৃষিভিত্তিক পণ্য রপ্তানি আয় ছিল ২৮৬০ মিলিয়ন মার্কিন ডলার যা মোট পণ্যরপ্তানি আয়ের প্রায় ৫.৫ শতাংশ। এছাড়াও কৃষি-খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প এখন জিডিপিতে প্রায় ১.৭ শতাংশ অবদান রাখছে এবং প্রায় ২ লাখ ৫০ হাজার লোকের কর্মসংস্থান করেছে। মোট রপ্তানিতে এর অংশ এখন দাঁড়িয়েছে প্রায় ৩.৫ শতাংশ। সচিব বলনে, বাংলাদেশের কৃষি ও কৃষিজাত পণ্যসহ অন্যান্য পণ্য আমদানি এবং রপ্তানির ক্ষেত্রে প্রতিবন্ধকতা উদ্ঘাটন এবং তা দূর করার জন্য বাংলাদেশ ফরনে ট্রেড ইনস্টিটিউট (বিএফটিআই) ‘স্যানিটারি ও ফাইটোস্যানিটারি এবং টেকনিক্যাল ব্যারিয়ার টু ট্রেড শীর্ষক গবষেণা পরিচালনা করছে। এটি দেশের কৃষি এবং কৃষিজাত পণ্য রপ্তানি বৃদ্ধির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

অনুষ্ঠানে বিএফটিআইর প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মো. জাফর উদ্দীন, বাণিজ্য মন্ত্রণালয়ের ডব্লিউটিও সেলের ডিজি হাফিজুর রহমান, বাংলাদেশ রিজিওনাল কানেক্টিভিটি প্রকল্পের পরিচালক মিজানুর রহমান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উদ্ভিদ সংগনিরোধ উইং পরিচালক সৈয়দ রফিকুল আমিন প্রমুখ বক্তব্য রাখেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## দেশের কৃষিতে নতুন যোগ হতে পারে পলিনেট হাউজ

পলিনেট হাউজ মাধ্যেমে রাজশাহীর পাবা উপজেলায় কৃষি উদ্যেক্তা তৈরিতে পরীক্ষামূলক চাষাবাদ শুরু হয়েছে। নেটহাউজের উৎপাদিত পণ্য সাধারণ উৎপাদনের চেয়ে রোগবালাই কম এজন্য জৈবিকভাবে সহজে দমন করা যায়। কৃষিকাজে যান্ত্রিকীকরণ ক্রমান্বয়ে যেমন বাড়ছে তেমনি পলিনেট হাউজ সম্প্রসারণ হলে দেশের কৃষিতে নতুন এক মাত্রা যোগ হতে পারে নেটহাউজ।

রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মো. মোজদার হোসেন জানান, আধুনিক প্রযুক্তি



এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## তথ্য প্রযুক্তির মাধ্যমে উত্তম কৃষি চর্চার প্রসার হোক

কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ওয়াহিদা আক্তার বলেছেন আমরা কি কাজ করছি সেটি আমরা সবসময় জানাতে চাই, উত্তম কৃষি চর্চা প্রসার হোক আমরা সেটা চাই। তথ্য প্রযুক্তির মাধ্যমে আমরা আমাদের সাফল্য জানাতে চাই। তরুণ প্রজন্মকে উৎসাহিত করতে চাই। ৮ নভেম্বর ২০২২ খামারবাড়ি কৃষি তথ্য সার্ভিস (এআইএস) এর কনফারেন্স রুমে আধুনিক কৃষি তথ্যপ্রযুক্তি ব্যবহার শীর্ষক ২ দিনের প্রশিক্ষণ কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন 'আগামীতে খাদ্য সংকটের যে আশঙ্কা করা হচ্ছে সেটি মোকাবিলায় এবং কৃষিকে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ এখনও ভালোভাবে টিকে আছে এবং আমাদের দেশ যাতে ক্ষতিগ্রস্ত না হয় এলক্ষ্যে সবার সহযোগিতা কাম্য। ঢাকা রিপোর্টার্স ইউনিটের সাংবাদিকবৃন্দের অংশগ্রহণে আয়োজিত উক্ত প্রশিক্ষণে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম সচিব জনাব নাজিয়া শিরীন, কেজিএফ এর নির্বাহী পরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস, ডি আর ইউ এর সভাপতি জনাব নজরুল ইসলাম মিঠু, ডিআরএউ এর তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ সম্পাদক জনাব কামাল মোশাররফ, কৃষি তথ্য সার্ভিসের পরিচালক জনাব কে জে এম আব্দুল আউয়ালের সভাপতিত্বে




কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ওয়াহিদা আক্তার, অতিরিক্ত সচিব (প্রশাসন), কৃষি মন্ত্রণালয়

নিতে সবাইকে এক হয়ে কাজ করতে হবে। বৈশ্বিক মহামারি, করোনা ভাইরাস ও রাশিয়া ইউক্রেন যুদ্ধের ফলে অনেক দেশের অর্থনীতি নেমে উদ্বোধন অনুষ্ঠানে ঢাকা রিপোর্টার্স ইউনিটের সাংবাদিকসহ কৃষি তথ্য সার্ভিস অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## সুগারমিলের পতিত জমি চাষের আওতায় আনা হবে : মাননীয় কৃষিমন্ত্রী

সুগারমিলসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের পতিত জমিকে চাষের আওতায় আনার জন্য কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি। তিনি বলেন, সুগারমিলের অনেক পতিত জমি আছে। সেগুলোকে চাষের আওতায় আনতে হবে।

এছাড়া, সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের জমি কোথায় কোথায় পতিত আছে, তা খুঁজে বের করে চাষের আওতায় আনতে হবে। ৩০ অক্টোবর ২০২২ রবিবার সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

যে কোন মূল্যে খাদ্য উৎপাদন আরও বাড়াতে হবে উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন প্রতিবছর জনসংখ্যা বাড়ার সাথে সাথে খাদ্যের চাহিদাও বাড়ছে। কাজেই, উৎপাদন বাড়ানোর জন্য যেটুকু সুযোগ আছে, তার সবটুকু আমরা কাজে লাগাতে চাই। সুগারমিল এবং বিভিন্ন সরকারি



সচিবালয়ে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সাথে দ্রুত যোগাযোগ করে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন।

সভাটি সঞ্চালনা করেন কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম। এসময় মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং সংস্থাপ্রধানসহ প্রকল্প পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় জানানো হয়, চলমান ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে কৃষি মন্ত্রণালয়ের আওতায় ৭২টি প্রকল্পের অনুকূলে মোট ৪ হাজার ১৩৮ কোটি টাকা বরাদ্দ আছে। এবছর সবচেয়ে বেশি বরাদ্দ আছে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পে যার পরিমাণ ৬৬০ কোটি টাকা।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## ভোজ্যতেলের চাহিদা পূরণ ও আমদানি নির্ভরতা কমাতে সরিষার উৎপাদন বাড়াতে হবে




অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনাব মোঃ মজিবর রহমান, জেলা প্রশাসক, সিলেট

সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের এর আয়োজনে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কোম্পানীগঞ্জ উপজেলার অডিটোরিয়াম কক্ষে ১৩ অক্টোবর ২০২২ কৃষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলার জেলা প্রশাসক জনাব মোঃ মজিবর রহমান।

প্রধান অতিথি বক্তব্যে বলেন, সিলেট অঞ্চলে প্রচুর জমি পতিত অবস্থায় রয়েছে। প্রধানমন্ত্রী ঘোষণা অনুযায়ী ১ ইঞ্চি জমিও পতিত রাখা যাবে না, খাদ্য সংকট মোকাবেলায় তেল ও ডাল ফসলসহ অন্যান্য কৃষি পণ্যের উৎপাদন বাড়াতে হবে। কৃষি উৎপাদন বৃদ্ধিতে জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট সকল দপ্তর সবসময় কৃষকদের পাশে আছে। বর্তমান কৃষিবান্ধব সরকার কৃষকদের সব ধরনের সহযোগিতা দিচ্ছে।

কোম্পানীগঞ্জের উপজেলা নির্বাহী অফিসার লুসিকান্ত হাজং এর সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিলেটের উপপরিচালক কৃষিবিদ মোহাম্মদ খয়ের উদ্দিন মোল্লা।

এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩

# দেশব্যাপী বিভিন্ন দিবস উদযাপন

## জাতীয় ইঁদুর নিধন অভিযান উদযাপন

“বছরে ইঁদুর খাচ্ছে শস্য লক্ষ লক্ষ টন খাদ্য ঘাটতি রুখতে দরকার ইঁদুর নিয়ন্ত্রণ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বিভিন্ন অঞ্চলে জাতীয় ইঁদুর নিধন অভিযান ২০২২ উদযাপন



চট্টগ্রাম অঞ্চলের আয়োজনে উপপরিচালক, চট্টগ্রাম এর প্রশিক্ষণ হলে ইঁদুর নিধন অভিযান অনুষ্ঠানে মোঃ আখতারুজ্জামান উপপরিচালক চট্টগ্রাম এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম অঞ্চলের অতিরিক্ত পরিচালক মোঃ মোফাজ্জল করিম। অনুষ্ঠানে ইঁদুর নিধন অভিযান ২০২১ এর মোট ৪ ক্যাটাগরির ৬ জন ব্যক্তি ও ২টি প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদান করেন।

*প্রেরক আহমেদ অলী, কৃতসা, চট্টগ্রাম*




অতিরিক্ত পরিচালক, ডিএই রাজশাহীর সম্মেলন কক্ষে রাজশাহী অঞ্চল, রাজশাহী জেলা, পবা উপজেলা ও মেট্রোপলিটন কৃষি অফিস, রাজশাহীর সমন্বিত আয়োজনে ১৮ অক্টোবর ইঁদুর নিধন অভিযান ২০২২ উদ্বোধন ও পুরস্কার বিতরণ ২০২১ উদ্বোধন করা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: শামসুল ওয়াদুদ এবং সভাপতিত্ব করেন রাজশাহী জেলার উপপরিচালক কৃষিবিদ মোজদার হোসেন।

*কৃষিবিদ মোঃ আব্দুল্লাহিল-কাফি, কৃতসা, রাজশাহী*

## বরিশালে বিশ্ব ডিম দিবস উদযাপন




প্রতিবছরের ন্যায় এবারও বরিশালে ১৪ অক্টোবর বিশ্ব ডিম দিবস ২০২২ নগরীর সার্কিট হাউজ মিলনায়তনে প্রাণিসম্পদ অধিদপ্তর এবং বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সেন্ট্রাল কাউন্সিলের যৌথ উদ্যোগে একটি ডিম, পুষ্টিকর সারাদিন এই স্লোগানসম্বলিত এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবি উপস্থিত ছিলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার খোন্দকার আনোয়ার হোসেন। জেলা প্রশাসক জসীম উদ্দীন হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক ডা. মো. আব্দুস সবুর প্রমুখ অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## রাসেল দিবস উদযাপন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট ছেলে ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট ভাই শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উপলক্ষে ১৮ অক্টোবর ২০২২ দেশব্যাপী কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার কর্মকতা-কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অর্পণ, দোয়া, র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত।



বনানী কবরস্থানে চিরনিদ্রায় শায়িত শহিদ শেখ রাসেলের সমাধিতে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*




কুমিল্লা অঞ্চলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও আঞ্চলিক কৃষি তথ্য সার্ভিসের পক্ষ থেকে র‍্যালি

*কৃষিবিদ মো. মুশিউর ইসলাম, কৃতসা, রাজশাহী*

## পাবনায় উদযাপন হলো বিশ্ব খাদ্য দিবস ২০২২




‘‘কাউকে পশ্চাতে রেখে নয়। ভালো উৎপাদনে উত্তম পুষ্টি সুরক্ষিত পরিবেশ এবং উন্নত জীবন’’ প্রতিপাদ্যে পাবনার জেলা প্রশাসক অয়োজনে জাতীয় খাদ্য দিবস-২০২২ উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ১৬ অক্টোবর ২০২২ এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পাবনা কৃষিবিদ ড. মোঃ সাইফুল আলম এর সভাপতিত্বে অলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পাবনার জেলা প্রশাসক মো. বিশ্বাস রাসেল হোসেন। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (অপরাধ) জনাব মো. মাসুদ আলম, কৃষক প্রতিনিধি মাজাহারুল ইসলাম মুন্নু, কৃষি তথ্য সার্ভিস ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা/উপজেলা পর্যায়ের কর্মকর্তা, সাংবাদিক, কৃষক ও কৃষক প্রতিনিধি প্রমুখ।

*মো. আসাদুল্লাহ, কৃতসা, পাবনা*

## সমাপ্ত হলো গ্রামীণ মেকানিক প্রশিক্ষণ

সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্প, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), খামারবাড়ি, ঢাকা এর আর্থিক সহযোগিতায়, উপপরিচালকের কার্যালয়, ডিএই, খামারবাড়ি, কুমিল্লা এর ব্যবস্থাপনায়, ২৮ দিন ব্যাপী গ্রামীণ মেকানিক প্রশিক্ষণের ৮ নভেম্বর ২০২২ সমাপনী অনুষ্ঠিত হয়। কৃষি কাজে যান্ত্রিকীকরণের ফলে উৎপাদন খরচ কম হয়, সময় কম লাগে বিধায় কৃষি কাজে যান্ত্রিকীকরণ সময়ের দাবি। দেশের বিশাল জনগোষ্ঠীকে খাদ্য নিরাপত্তা দিতে কৃষি যান্ত্রিকীকরণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সার্বিক বিষয়কে গুরুত্ব দিয়ে দেশকে খাদ্য নিরাপত্তা দেয়াই প্রশিক্ষণের উদ্দেশ্য। সমাপনী অনুষ্ঠানে ডিএই, কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ ড. মোহিত কুমার দে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষনার্থীদের হাতে মেকানিক একাধিক যত্র, সনদপত্র এবং প্রশিক্ষণ ভাতা তুলে দেন। এসময় উপস্থিত ছিলেন, কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, উপপরিচালক, ডিএই, কুমিল্লা, কৃষিবিদ মোঃ আমজাদ হোসেন, উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, কুমিল্লা, কৃষিবিদ মোঃ সিরাজ উদ্দিন হোসেন, জেলা প্রশিক্ষণ অফিসার, ডিএই, কুমিল্লা, কৃষি প্রকৌশলী কৃষিবিদ মো. বদরুজ্জামান মুসলিমী, ডিএই, কুমিল্লা।

*মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*




সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ ড. মোহিত কুমার দে, অতিরিক্ত পরিচালক, ডিএই, কুমিল্লা অঞ্চল




বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট কর্তৃক আয়োজিত আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় সিলেট অঞ্চলে অনাবাদি জমি চাষের আওতায় আনায়নে করণীয় সর্ম্পকে মতবিনিময় সভা বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেটের সম্মলেন কক্ষে ৩১ অক্টোবর ২০২২ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ড. মুহাম্মদ মোশাররফ হোসেন, বিভাগীয় মোশাররফ হোসেন খান, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট অঞ্চল, সিলেট; দেবজিৎ সিংহ, অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সিলেট; কৃষিবিদ মোঃ রকিব উদ্দিন, প্রকল্প পরিচালক, আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্প।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*



## বিনা ধান -১৬ এর চাষাবাদ সম্প্রসারণে মাঠ দিবস

০২ নভেম্বর ২০২২ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর চাঁপাইনবাবগঞ্জ সদর এর সহযোগিতায় এবং চাঁপাইনবাবগঞ্জ বিনা উপকেন্দ্র আয়োজিত উপজেলার চট্টগ্রামের কৃষক মো: আফতাব উদ্দিনের জমিতে আমন মৌসুমে উৎপাদিত বিনা ধান -১৬ কেটে প্রতি বিঘা জমিতে ২১ মন ফলেছে। উচ্চফলনশীল বিনা ধান-১৬ এর চাষাবাদ সম্প্রসারণ শীর্ষক শস্য কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠানের চাঁপাইনবাবগঞ্জ বিনা উপকেন্দ্রের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. হাসানুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের (বিনা) মহাপরিচালক ড. মির্জা মোফাজ্জল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (গবেষণা) ড. মো: আ: মালেক, চাঁপাইনবাবগঞ্জ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ড. পলাশ সরকার ও চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা কৃষি অফিসার কানিজ তাসনোভা প্রমুখ।

*মো: আমিনুল ইসলাম, কৃতসা, রাজশাহী*

## ভোজ্যতেলের চাহিদা পূরণ ও আমদানি নির্ভরতা কমাতে

তৃতীয় পাতার পর

অন্যদের মধ্যে বক্তব্যে রাখেন উপজেলা পরিষদের চেয়ারম্যান শামিম আহমদ, জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার যারীন তাসনিম তাসিন, পল্লী বিদ্যুৎ এর ডেপুটি জেনারেল ম্যানেজার মৃণাল কান্তি চৌধুরী প্রমুখ। এ ছাড়াও উপস্থিত ছিলেন উপজেলার ভাইস চেয়ারম্যান, আওয়ামী লীগের সভাপতি, সাধারণ সম্পাদক, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান; কৃষি তথ্য সার্ভিস, সিলেটের আঞ্চলিক বেতার কৃষি অফিসার কৃষিবিদ ফাহমিদা আক্তার; উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা; কৃষক সমাবেশে স্বাগত বক্তব্য রাখেন কোম্পানীগঞ্জের উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রায়হান পারভেজ রনি।

উল্লেখ্য, সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের অর্থায়নে প্রতি উপজেলায় কমপক্ষে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার সরিষার বীজ ক্রয় করে উপজেলার পতিত জমির মালিক/চাষিদের মধ্যে বিনামূল্যে বিতরণ করা হচ্ছে।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

## পিরোজপুরের কাউখালীতে মাটিবিষয়ক কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

পিরোজপুরের কাউখালীতে মৃত্তিকা নমুনা সংগ্রহ, সুষম সার ব্যবহার ও ভেজাল সার সনাক্তকরণ বিষয়ক কৃষক প্রশিক্ষণ ২২ অক্টোবর ২০২২ অনুষ্ঠিত হয়েছে। উপজেলার সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের হলরুমে মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের (এসআরডিআই) বিভাগীয় গবেষণাগারের উদ্যোগে এই প্রশিক্ষণের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে এক আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বরিশালের আঞ্চলিক কৃষি তথ্য অফিসার মো. শাহাদাত হোসেন। আয়োজক প্রতিষ্ঠানের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা একেএম আমিনুল ইসলাম আকনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এসআরডিআইর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কাজী আমিনুল ইসলাম। উল্লেখ্য, অনুষ্ঠান শেষে ফসলি জমিতে মাটি পরীক্ষার নমুনা সংগ্রহের কৌশল বিষয়ে প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে শেখানো হয়।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*




## নওগাঁতে আমন ধানের শস্য কর্তন অনুষ্ঠিত

রাজশাহী অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মো: শামছুল ওয়াদুদ বলেন শস্য কর্তনের মাধ্যমে ফসলের ভাল ফলন সম্পর্কে সঠিক ধারণা পাওয়া যায় এবং ফসল চাষে ভুলত্রুটি সংশোধন করে নেয়া যায়। নওগাঁ জেলা হচ্ছে আমন ধান উৎপাদনের প্রধান এলাকা। এবছর উপজেলায় আমন ধানের ব্যাপক আবাদ হয়েছে এবং ফলনও ভাল পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। ২০ অক্টোবর ২০২২ নওগাঁর সদর উপজেলা কৃষি অফিসের আয়োজনে পৌরসভা ব্লকের বোয়ালিয়া গ্রামের কৃষক মো: জামিল উদ্দিন এর গোলাকৃতি ২০ বর্গমিটার মাপের জমিতে ব্রিধান-৭৫ জাতের আমন ধানের নমুনা শস্য কর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ ফারজানা নাজনীন এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন নওগাঁ জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মো: আবু হোসেন, জেলা প্রশিক্ষণ অফিসার কৃষিবিদ এ কে এম মঞ্জুরে মওলা, অতিরিক্ত উপপরিচালক (পিপি) কৃষিবিদ ড. মো: আনোয়ারুর ইসলাম। উল্লেখ্য, কর্তন শেষে মাড়াইঝাড়াই করে ধানে ফলন হেক্টরে ৬.৫৭ মেট্রিক টন পাওয়া যায়।

*মো: দেলোয়ার হোসেন, কৃতসা, রাজশাহী*

## দেশের কৃষিতে নতুন যোগ হতে পারে পলিনেট হাউজ

*দ্বিতীয় পাতার পর*

সম্প্রসারণরে মাধ্যমে রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন পাইলট প্রকল্পের আওতায় সারা দেশে ৬৭টি পলিনেট হাউজ স্থাপন করা হেচ্ছে। পলিনেট হাউজের মাধ্যমে উচ্চমূল্যের ফসল সারা বছরই সব ধরনের সবজি চাষ করতে পারবেন। আগ্রহী এবং নতুন উদ্যেক্তা তৈরিতে এ বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ দেয়া হচ্ছে।

রাজশাহীর পবা উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. শফিকুল ইসলাম জনান, রাজশাহী বিভাগের কৃষি উন্নয়ন প্রকল্পের সহায়তায় পবার খড়খড়িতে একটি পলিনেট হাউজ স্থাপন করা হয়েছে। যার খরচ প্রায় বিশ লাখ টাকা। কৃষক ইচ্ছে করলে সিমেন্টর খুঁটি দেশীও পণ্য ব্যবহার করে কম খরচে করতে পারবে। পলিনেট হাউজে ফসলের উৎপাদন ২০ শতাংশ বাড়ে পাশাপাশি পোকামাকড়ের রোগবালাই আক্রমণ ৭০ শতাংশ কম হয়। প্রাথমিকভাবে কাঠামো তৈরিতে খরচ কিছুটা বেশি হলেও এতে উৎপাদন খরচ কম হয়।

*মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*




## ২০৩০ সালের মধ্যে কৃষি উৎপাদন দ্বিগুণ করতে হবে : পরিবেশমন্ত্রী

*প্রথম পাতার পর*

চ্যালেঞ্জ মোকাবিলা করতে হবে। তিনি বলেন, এজন্য ফসলের জলবায়ু সহনশীল নতুন নতুন জাত উদ্ভাবন, আধুনিক চাষাবাদ পদ্ধতির সম্প্রসারণ ও পরিবেশ বান্ধব কৃষি উপকরণের ব্যবহার নিশ্চিত করার পাশাপাশি কৃষি পণ্য প্রক্রিয়াজাত, ভ্যালু চেইন উন্নয়নসহ কৃষি সংশ্লিষ্ট বিষয়ের ওপর গবেষণায়ও গুরুত্ব দিতে হবে।

মাননীয় পরিবেশমন্ত্রী আরো বলেন, দেশের চাহিদা মিটিয়ে বিদেশে কৃষি পণ্য রপ্তানির বাজার অনুসন্ধান করতে হবে এবং চাহিদা অনুযায়ী রপ্তানিযোগ্য কৃষি পণ্য উৎপাদনের সময় গ্যাপ নীতিমালা অনুসরণ করতে হবে। ১৭ অক্টোবর ২০২২ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে বিশ্ব খাদ্য দিবস উদযাপন উপলক্ষে কারিগরি সেশনে আয়োজিত ‘কাউকে পশ্চাতে রেখে নয়, ভালো উৎপাদনে উত্তম পুষ্টি, সুরক্ষিত পরিবেশ এবং উন্নত জীবন’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন।

পুষ্টিতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের দিকে বিশেষ মনযোগ দেওয়ার প্রতি গুরুত্বারোপ করে তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ ও বলিষ্ঠ নেতৃত্বে কৃষি ও কৃষকবান্ধব নীতি গ্রহণ, বাস্তবায়ন এবং কৃষির সঙ্গে জড়িত সকলের ঐকান্তিক প্রচেষ্টায় দেশ এখন দানা শস্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছে। প্রয়োজন খাদ্যের সুষম বণ্টনসহ সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা এবং সকলের পুষ্টি সচেতনতা বৃদ্ধি। কৃষি ক্ষেত্রে টেকসই কর্ম-পদ্ধতির বিকাশ সাধন করে টেকসই উন্নয়ন অভীষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কাজ করা হচ্ছে। এর মধ্য দিয়ে জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলার কাজ এগিয়ে নেয়া যাবে। জাতির পিতার স্বপ্নের ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার স্বপ্নকে বাস্তবায়ন করতে ঐক্যবদ্ধভাবে কাজ করতে তিনি সকলের প্রতি আহ্বান জানান।

কৃষি মন্ত্রণালয়ের সচিব মোঃ সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বক্তব্য রাখেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. নাহিদ রশীদ, খাদ্য মন্ত্রণালয়ের সচিব মো. ইসমাইল হোসেন, গ্লোবাল এ্যালায়েন্স ফর ইমপ্রুভড নিউট্রিশনের নির্বাহী পরিচালক ডক্টর লরেন্স হাদ্দাদ, জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থার প্রতিনিধি সাসো মার্টিনো, সেমিনারে আহ্বায়কের সূচনা বক্তব্য রাখেন বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার, প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, মূল প্রবন্ধের উপর আলোচনা করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজীর আলম ও ড. মোঃ আব্দুর রহিম, প্রাক্তন প্রফেসর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠাতা বিএইউ জার্মপ্লাজম সেন্টার।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## এ দেশের প্রতিটি শিশু শেখ রাসেলের আদর্শে বেড়ে উঠুক

*প্রথম পাতার পর*

গড়তে পারব। ১৮ অক্টোবর ২০২২ ঢাকায় বিএআরসি অডিটোরিয়ামে কৃষি মন্ত্রণালয় ও বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর আয়োজনে শেখ রাসেল দিবস ২০২২ উদযাপন উপলেক্ষ্য আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে সম্মানিত সচিব এ কথা বলেন।

তিনি বলেন সকল হত্যাই নির্মম নিষ্ঠুর। তারপরও একজন নিস্পাপ শিশুকে হত্যা ও হত্যার আগমুহূর্তেও তার সাথে রসিকতা করার মত নির্মমতার নজির আর নেই। ধিক্কার জানাই আমরা এই সব নরপশুদের, যারা মনে করেছিল বঙ্গবন্ধুকে হত্যার সাথে তার মুক্তিযুদ্ধের চেতনা, আদর্শ, তার চিরদিনের অসাম্প্রদায়িক বাঙ্গালির জাতীয়তাবাদের, গণতন্ত্রের চেতনাকে মুছে ফেলবে। তারা জানত এ শিশুটি বেচে থাকলে একদিন তার পিতার মতো বাংলাদেশ পেত আরেকটি দূরদর্শী, আরেকটি মহানুভব নেতৃত্ব।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার এর সভাপতিত্বে উক্ত আলোচনা সভায় কৃষি মন্ত্রণালয়ের দপ্তর সংস্থার প্রধানগণসহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*

## আমনে বাম্পার ফলন হবে, খাদ্য সংকট হবে না- মাননীয় কৃষিমন্ত্রী

শেষ পাতার পর



করতে পারব। পরে মাননীয় কৃষিমন্ত্রী কৃষি যন্ত্রপাতি নির্মাতা প্রতিষ্ঠান জনতা ইঞ্জিনিয়ারিং পরিদর্শন করেন। পলিহাউজে শাকসবজি ও চারা চাষ, বাণিজ্যিক ভিত্তিতে আনার চাষ, ড্রাগন, পেয়ারাসহ বিভিন্ন বাগান পরিদর্শন করেন। এসময় স্থানীয় সংসদ সদস্য আলী আজগার টগর, কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম, বিএআরসির নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মো. বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বেনজীর আলম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ড. হামিদুর রহমান, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর, কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক দেবাশীষ সরকার, চুয়াডাঙ্গার জেলা প্রশাসক, পুলিশ সুপার প্রমুখ উপস্থিত ছিলেন।

> কৃষকদেরকে বীজ, সার, প্রযুক্তিসহ সকল সহযোগিতা দেয়া হচ্ছে। এই গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষ জনপ্রিয় করতে পারলে আমরা পেঁয়াজে শুধু স্বয়ংসম্পূর্ণতা অর্জন নয়, বিদেশে পেঁয়াজ রপ্তানিও করতে পারব।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## পুষ্টি কর্নার : কমলা



কমলা আমিষ ও ভিটামিন 'সি' সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম কমলায় জলীয় অংশ ৮৯.৪ গ্রাম, খনিজ পদার্থ ০.১ গ্রাম, হজমযোগ্য আঁশ ০.৩ গ্রাম, খাদ্যশক্তি ৪৩ কিলোক্যালরি, আমিষ ০.৭ গ্রাম, চর্বি ০.১ গ্রাম, শর্করা ৯.৭ গ্রাম, ক্যালসিয়াম ২২ মিলিগ্রাম, লৌহ ০.৩ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০৪ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০১ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ৪০ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। কমলা সর্দিজ্বর নিরাময়ে উপকারী। ফলের ছাল বমি নিবারক। ফলের শুষ্ক খোসা অম্লরোগ ও শারীরিক দুর্বলতা নিরসনে উপকারী। ফুলের রস ভাইরাল ইনফেকশন ও কিডনিতে পাথর জমা প্রতিরোধ ও মৃগী রোগ নিবারক। কমলার জনপ্রিয় জাত হলো খাসিয়া, নাগপুরী, মোসাম্বি, বারি কমলা-১, বারি কমলা-২, বারি কমলা-৩। সিলেট, পার্বত্য চট্টগ্রাম, মৌলভীবাজার ও পঞ্চগড় এলাকায় কমলার চাষ হয়।

*সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা*

## সম্ভাব্য দুর্ভিক্ষ ও খাদ্য সংকট থেকে বাংলাদেশকে রক্ষা করতে একসঙ্গে

প্রথম পাতার পর

প্রচেষ্টায় এটা করা সম্ভব।'

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৭ অক্টোবর ২০২২ সকালে 'বিশ্ব খাদ্য দিবস-২০২২' উদযাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। তিনি গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে কৃষি মন্ত্রণালয় আয়োজিত এই অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হন।

খাদ্যের চাহিদা কোনদিন কমে না, বরং বাড়ে সেই কথা মনে করিয়ে দিয়ে তিনি বলেন, যত উৎপাদন বৃদ্ধি করতে পারব আর যত বেশি খাদ্য চাহিদা মেটাতে পারব ততই আমাদের মঙ্গল হবে এবং যেটা আমাদের অর্থনীতিতেও বিরাট অবদান রাখতে পারে।

নিরাপদ খাদ্য উৎপাদন ও পুষ্টির চাহিদা পূরণে সবাইকে সচেতন থাকার আহ্বান জানিয়ে সরকার প্রধান বলেন, সুষম খাদ্য গ্রহণ, খাদ্যের অপচয় বন্ধ এবং উদ্বৃত্ত খাদ্য সংরক্ষণ এবং পুনর্ব্যবহারের ব্যবস্থা করতে হবে। সেসাথে দেশব্যাপী গড়ে তোলা ১০০ বিশেষ অর্থনৈতিক অঞ্চলে যাতে কৃষি প্রক্রিয়াজাতকরণ শিল্পও গড়ে ওঠে সেই বিষয়টাতেও গুরুত্ব দিচ্ছেন তিনি।

মাননীয় প্রধানমন্ত্রী বলেন, কৃষি, খাদ্য নিরাপত্তা ও পুষ্টি অর্জনে ৬টি থিম্যাটিক এরিয়াতে কাজ করে যাচ্ছে তাঁর সরকার। প্রথমত, কৃষি গবেষণা এবং উন্নয়ন; দ্বিতীয়ত, কৃষি উপকরণ সরবরাহ; তৃতীয়ত, কৃষি সম্প্রসারণ; চতুর্থত, সেচ কাজে পানির সাশ্রয়ী ব্যবহার; পঞ্চমত, জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব মোকাবিলা এবং ৬ষ্ঠত, প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও মানবসম্পদ উন্নয়ন। এই বিষয়গুলোর দিকে লক্ষ্য রেখেই তাঁর সরকার প্রতিটি পদক্ষেপ নিয়ে যাচ্ছে বলেও তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের যারা কৃষিবিদ তাদেরকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই, কেননা আমাদের কৃষি উৎপাদন বৃদ্ধিতে তাদের বিরাট অবদান রয়েছে। পাশাপাশি আমাদের কৃষকদেরও আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই, যেহেতু আজকে তারা আমাদের এই খাদ্যের জোগানটা দিচ্ছে। কাজেই তাদের সম্মান ও সহযোগিতা করাটা একান্তভাবেই অপরিহার্য।' অপরদিকে প্রবাসীরা তাদের দেশের পতিত জমিকে চাষের আওতায় নিয়ে আসার আহ্বান জানান।

জাতির পিতার গ্রামীণ উন্নয়ন ও কৃষির ওপর গুরুত্বারোপ করে দেয়া এক ভাষণের উদ্ধৃতি তুলে ধরেন মাননীয় প্রধানমন্ত্রী। বঙ্গবন্ধু বলেছিলেন, 'আমার মাটির সঙ্গে, আমার মানুষের সঙ্গে, আমার কালচারের সঙ্গে, আমার ব্যাকগ্রাউন্ডের সঙ্গে, আমার ইতিহাসের সঙ্গে যুক্ত করেই আমার ইকোনমিক সিস্টেম গড়তে হবে।' আমিও এটা বিশ্বাস করি যে, আমাদের মাটি ও মানুষ, আমাদের প্রকৃতির সাথে মিল রেখেই আমাদের অর্থনৈতিক ব্যবস্থাপনার মাধ্যমেই আমরা আমাদের দেশকে উন্নত, সমৃদ্ধ দেশ হিসেবে গড়ে তুলবো। আমাদের দেশকে আরো উন্নত করবো এটাই আমাদের লক্ষ্য।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম এবং কৃষি মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ও সাবেক কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী। স্বাগত বক্তব্য দেন কৃষি সচিব মোঃ সায়েদুল ইসলাম। অনুষ্ঠানে বিশ্ব খাদ্য দিবস এবং কৃষি খাতের উন্নয়নে সরকারের প্রচেষ্টা নিয়ে একটি ভিডিও ডকুমেন্টারি প্রদর্শন করা হয়।

*সূত্র : বাসস*

## দেশে খাদ্য সংকট হবে না-মাননীয় কৃষিমন্ত্রী

শেষ পাতার পর

লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

সম্মেলনে সদর উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি আমিরুল ইসলাম খানের সভাপতিত্বে কেন্দ্রীয় আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মির্জা আজম, মুক্তিযুদ্ধ বিষয়ক সম্পাদক মৃণাল কান্তি দাস, সদস্য এ বি এম রিয়াজুল কবির কাওছার, টাঙ্গাইল জেলা আওয়ামী লীগের সভাপতি ফজলুর রহমান খান ফারুক, সাধারণ সম্পাদক এডভোকেট জোয়াহেরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন ।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# আমনে বাম্পার ফলন হবে, খাদ্য সংকট হবে না-মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, দেশে মাঠভর্তি ফসল রয়েছে। আমন ধানের অবস্থা ভালো, বাম্পার ফলন হবে। এ ছাড়া, দেশে যথেষ্ট খাদ্য মজুদ রয়েছে। বড় ধরনের কোন প্রাকৃতিক দুর্যোগ না হলে বাংলাদেশে খাদ্যের কোন সংকট হবে না, দুর্ভিক্ষ হবে না।

১৫ নভেম্বর ২০২২ মঙ্গলবার সকালে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হৈবৎপুরে আমন ধান কাটা উৎসব ও মুক্তিযুদ্ধের স্মৃতিকেন্দ্র উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। মাননীয় কৃষিমন্ত্রী নবান্ন উৎসব ও কৃষি প্রযুক্তি মেলার উদ্বোধন করেন এবং কৃষকদের মাঝে কৃষিযন্ত্র বিতরণ করেন।




চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার হৈবৎপুরে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

এর আগে মাননীয় কৃষিমন্ত্রী গ্রীষ্মকালীন পেঁয়াজের মাঠ পরিদর্শন করেন। এ সময় তিনি বলেন, পেঁয়াজের ভরা মৌসুমে দেশে পর্যাপ্ত পেঁয়াজ উৎপাদন হয়, কিন্তু সংরক্ষণের প্রযুক্তি না থাকায় অনেক পেঁয়াজ নষ্ট হয়ে যায়। এজন্য প্রয়োজনীয় চাহিদা মেটাতে পেঁয়াজ আমদানি করতে হয়। আর এই আমদানি নির্ভরতা কমাতে কৃষি মন্ত্রণালয় রোডম্যাপ বাস্তবায়ন করছে। গত দুই বছরে প্রায় ১০ লাখ টন উৎপাদন বেড়েছে।

অফ সিজনে বা গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষের উপর গুরুত্ব দিয়ে মাননীয় কৃষিমন্ত্রী বলেন গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষে সম্ভাবনা অনেক। কৃষকদেরকে বীজ, সার, প্রযুক্তিসহ সকল সহযোগিতা দেয়া হচ্ছে। এই গ্রীষ্মকালীন পেঁয়াজ চাষ জনপ্রিয় করতে পারলে আমরা পেঁয়াজে শুধু স্বয়ংসম্পূর্ণতা অর্জন নয়, বিদেশে পেঁয়াজ রপ্তানিও এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## দেশে খাদ্য সংকট হবে না-মাননীয় কৃষিমন্ত্রী




টাঙ্গাইল শহরের পৌর উদ্যানে টাঙ্গাইল সদর উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, দেশে মাঠভর্তি ফসল রয়েছে। আমনের অবস্থা ভালো, সোনালী ফসল হবে। এছাড়া, দেশে যথেষ্ট খাদ্য মজুদ রয়েছে। কাজেই, বড় ধরনের কোন প্রাকৃতিক দুর্যোগ না হলে বাংলাদেশে খাদ্যের কোন সংকট হবে না, দুর্ভিক্ষ হবে না। পৃথিবীর অন্য যে কোনো দেশে খাদ্যের অভাব হতে পারে, দুর্ভিক্ষ হতে পারে, কিন্তু বাংলাদেশ কোনো খাদ্য সংকটে পড়বে না। এই মুহূর্তে দেশে খাদ্যের কোনো হাহাকার নাই, আগামী দিনেও হাহাকার হবে না। ২৪ অক্টোবর ২০২২ সোমবার টাঙ্গাইল শহরের পৌর উদ্যানে টাঙ্গাইল সদর উপজেলা আওয়ামী লীগের ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন। সম্মেলনে সদর উপজেলা আওয়ামী এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩

## কৃষিপণ্য রপ্তানিতে সার্টিফিকেশন ও ল্যাব আধুনিকায়নে কাজ চলছে- কৃষি সচিব




পাবলকি কনসাল্টেশনে প্রধান অতথিরি বক্তব্য রাখছেন সম্মানিত কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম, কৃষি মন্ত্রণালয়

সম্মানিত কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম বলছেনে, কৃষি ও কৃষিজাত পণ্যর ঝুঁকিমুক্ত আমদানি নিশ্চিতকরণ এবং আন্তর্জাতিক বিধিবিধান অনুসরণপূর্বক বিদেশে কৃষিপণ্যের রপ্তানি কার্যক্রম গতিশীল করতে কাজ করছে কৃষি মন্ত্রণালয়। সেজন্য, উদ্ভিদ সংগনিরোধ কার্যক্রমকে আন্তর্জাতিক মানে উন্নীতকরণের লক্ষ্যে ই-ফাইটোস্যানিটারি সার্টিফিকেট পদ্ধতি প্রবর্তন এবং দেশের সকল সংগনিরোধ কেন্দ্ররে ল্যাবরেটরি আধুনিকীকরণের কাজ চলছে। ১৯ অক্টোবর ২০২২ বুধবার রাজধানীর কাওরান বাজারে বাংলাদশে ফরেন ট্রেড ইনস্টিটিউটে 'স্যানিটারি ও ফাইটোস্যানিটরি এবং টেকনিক্যাল ব্যারিয়ার টু ট্রেড' বিষয়ক পাবলিক কনসাল্টেশনে প্রধান অতিথির বক্তব্যে কৃষি সচিব এসব কথা বলনে। বাংলাদশে রপ্তানি উন্নয়ন ব্যুরোর তথ্যের উল্লেখ করে কৃষি সচিব জানান, এরপর পৃষ্ঠা ২ কলাম ১

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd